এই উৎকৃষ্ট বাজীকরণ ঔষধ সেবনে শরীরে অপরিমিত শুক্র উৎপন্ন হয়। অনিয়মিত শুক্রক্ষয় কিম্বা যৌবনস্বভাবসুলভ ইন্দ্রিয়পরবশতা জন্য যাহাদিগের শুক্র তরল হইয়াছে এবং যাহাদের বীর্য্যবাহিনী শিরা সকল হীনবল হওয়াতে স্ত্রীসহবাসে অক্ষমতা জন্মিয়াছে, এই ঔষধ কিছুদিন সেবন দ্বারা তাহাদিগের উক্ত দোষ নিশ্চয় আরোগ্য হইবে। তদ্ভিন্ন অল্প উত্তেজনায় শুক্রপাত, জননেন্দ্রিয়ের শিথিলতা, ধ্বজভঙ্গরোগ এবং যাবতীয় শুক্র বিকার ইহাদ্বারা আরোগ্য হইয়া থাকে। ধাতুদৌর্ব্বল্য ও পুরুষত্বহানির যত ঔষধ অদ্যাবধি বাহির হইয়াছে, এই ঔষধ সর্ব্বাপেক্ষা গুণদায়ক, তাহা বহুসংখ্যক ব্যক্তি ব্যবহার করিয়া মুক্তকণ্ঠে স্বীকার করিয়াছেন। অধিক কি এই ঔষধ নিয়মপূর্ব্বক কিছুদিন সেবন করিলে শুক্রক্ষয় কিম্বা বলের হ্রাস হয় না, ক্ষীণবীর্য্য ব্যক্তি মহাবীর্য্যবান হয় এবং বৃদ্ধ যুবার ন্যায় কার্য্যক্ষম ও সবল হইয়া থাকে। এককৌটা বটিকা ঔষধ এবং বাহ্যিক প্রয়োগার্থ এক শিশি তৈল, এই উভয়ের মূল্য ২ টাকা, ডাক মাশুলাদি ।৶০ আনা।

অবলা-সুহৃদ্ (বাধকরোগের অব্যর্থ মহৌষধ)।

এই ঔষধ সেবনে সকল প্রকার বাধকরোগ আরোগ্য হয়। ঋতুকালে ভয়ানক বেদনা ও যন্ত্রণা, ঋতু পরিষ্কার না হওয়া, অল্প অল্প বা ২।৪ ফোঁটা করিয়া ঋতু হওয়া, কাপড়ে সাদা সাদা দাগ লাগা, কখন কখন বা মাছধোয়া জলের ন্যায় কাপড়ে দাগ লাগা, অধিক পরিমাণে সাদা জলের ন্যায় নির্গত হওয়া, এক মাসে দুইবার ঋতু হওয়া, অথবা ঋতু না হওয়া, তলপেটে কোন ভারি দ্রব্য ঝুলিতেছে বোধ হওয়া, কোমর ও তলপেটে বেদনা, উরুদেশ ভার হওয়া, মস্তক ঘোরা, আহারে অনিচ্ছা, শরীরের দুর্ব্বলতা, মূর্চ্ছা ও হিষ্টিরিয়া, প্রভৃতি সকল প্রকার লক্ষণযুক্ত বাধকরোগ এই ঔষধে আরোগ্য হয়। মূল্য প্রতি শিশি ১।০ আনা, মাশুল ॥০ আনা।

ঔষধের জন্য পত্র লিখিবার সময় রোগীর বয়স, অবস্থা অর্থাৎ মোটা কি পাতলা, সন্তান হইয়াছে কি না এবং সেই সন্তান জীবিত আছে কি না, সধবা কি বিধবা, গরমি ও ধাতুর পীড়া হইয়াছিল কি না, ইত্যাদি স্পষ্টরূপে খোলসা করিয়া লিখিবেন।

নেত্রবিন্দু (চক্ষুরোগের মহৌষধ)।

এই ঔষধে চক্ষু দিয়া জলপড়া, চক্ষু করকর্ করা, চক্ষু লাল হওয়া, চক্ষু উঠা, চক্ষের পাতা ফোলা, চক্ষে পিচুটী পড়া, দৃষ্টির অল্পতা অর্থাৎ ঝাপ্সা দেখা, দূরের বস্তু দেখিতে না পাওয়া, চক্ষে ছানি পড়া প্রভৃতি যাবতীয় নেত্ররোগ আরোগ্য হয়। তদ্ভিন্ন দৃষ্টির অল্পতা জন্য যাঁহারা অল্প বয়সে চস্মা লইয়া থাকেন, তাঁহাদিগেরও বিশেষ উপকার হইবেক। মূল্য প্রতি শিশি ১ এক টাকা; মাশুলাদি ।৶০ আনা।

৩৮ নং—মূল্য ১৷৹ আনা।
৩২ নং—মূল্য ১৷৹ আনা।
শ্রীঅমরনাথ মিত্র
পোঃ হাসারা
জিলা ঢাকা
SASEE BHUSAN DASS & CO.
BOOK-SELLERS
DHURRUMTOLL, CALCUTTA
ASHANALI SIRKAR
HIRA LALL ROY
RAHMATPUR P. O.
MADHUBPASA ZEMINDARI KACHARI
৩১ নং—মূল্য ১৷ টাকা।
১ নং—মূল্য ১৷ টাকা।
JATENDSA NATH
MUKHERJI
SOARHI
DAKHINPARA
ATRA P.O. HUGHLY
শ্রীউমরমহাম্মদ সরকার
জেলা মালদহ
UMARMAHAMAD
SIRKAR
১০ নং—মূল্য ১৲ টাকা।
৩৭ নং—মূল্য ১৲ টাকা।
৩ নং—মূল্য ১৲ টাকা।
DINES CHANDRA DEY
৪১ নং—মূল্য ১৷৹ আনা।
৩৬ নং—মূল্য ১৲ টাকা।
KRISHNA DASS KARMOKAR
122, MUSJIDBARI ST.
CALCUTTA.
F. J. KELALLAWALLA.

শ্রীবিনোদলাল সেন কবিরাজের

নবাবিষ্কৃত ঔষধ সমস্ত।

আমরা নিম্নলিখিত আয়ুর্ব্বেদ-শাস্ত্রসম্মত প্রত্যক্ষ-ফলপ্রদ ঔষধসমস্ত প্রস্তুত করিয়া বহুকালাবধি বহুতর পরীক্ষায় কৃতকার্য্য হইয়া সাধারণের সুবিধার জন্য ব্যবস্থাপত্রের সহিত এই ঔষধালয়ে বিক্রয়ার্থ রাখিয়াছি।

কুন্তলবৃষ্য তৈল।

তৈলং কুন্তলবৃষ্যাখ্যং কান্তিপুষ্টিবলপ্রদম্।
কেশাগ্রন্যস্তবত্নেন কেশবৃদ্ধিকরং পরম্॥
শিরস্যুপচিতাঃ কেশাশ্চিক্কণা ভ্রমরপ্রভাঃ।
সুদৃঢ়মূলাশ্চ জায়ন্তে তৈলস্যাস্য বিমর্দ্দনাৎ॥
খালিত্যে কেশপাতে চ পালিত্যে শীর্ষঘূর্ণনে।
শিরঃকর্ণাক্ষিরোগেষু তৈলমেতৎ প্রশস্যতে॥

বহুদিবস হইতে কেশতত্ত্ব পর্য্যালোচনা করিয়া এই মহোপকারক তৈল প্রস্তুত করা গিয়াছে। ইহা যথাবিধি ব্যবহার করিলে নিশ্চয় কেশ-হীনতা (টাক) আরোগ্য ও কেশ অকালপক্কতা প্রাপ্ত না হইয়া বিশিষ্টরূপ বর্দ্ধিত ও শোভাযুক্ত হয় এবং মস্তক ঘূর্ণন প্রভৃতি শিরোরোগ আরোগ্য, মস্তিষ্ক সুশীতল ও চক্ষুর্জ্যোতি বৃদ্ধি হয়। ইহা অতি মনোহর গন্ধযুক্ত। ভিন্নদেশীয় প্রস্তুত এই-রূপ সর্ব্বপ্রকার তৈলাদি হইতে ইহা অস্মদ্দেশে বিশেষ ফলপ্রদ।

১ শিশির মূল্য ... ... ১৲ টাকা।
প্যাকিং ও ডাঃ মাঃ ।৶৹আনা। ভিঃ পিঃ ১॥৶
৬ শিশি একত্রে ৫৲ টাকা। ভিঃ পিঃ ৬৷৹

প্রশংসাপত্র।

(ইংরাজি হইতে অনুবাদিত)

ব্রাহ্মসমাজের আচার্য্য পরম শ্রদ্ধাস্পদ স্বর্গীয় কেশবচন্দ্র সেন মহোদয় 'কুন্তলবৃষ্যের' উপ-কারিতার বিষয় স্বহস্তে লিখিয়াছিলেন।

কলিকাতা, কলুটোলা।

মহাশয়, ৬ মাস ব্যবহারে আমার বিলক্ষণ প্রতীতি জন্মিয়াছে যে, আপনার কুন্তলবৃষ্য তৈল "শিরোবেদনা ও মস্তকঘূর্ণনাদির" বিশেষ ফলপ্রদ ঔষধ। ইতি ৪ঠা জুলাই ১৮৭৫ সাল।

শ্রীকেশবচন্দ্র সেন।

নাউগঞ্জ জেলার একষ্ট্রা এসিস্ট্যাণ্ট কমিসনার বহুমানাস্পদ শ্রীযুক্ত বাবু শরৎচন্দ্র মজুমদার মহোদয় লিখিয়াছেন।

মহাশয়, আহ্লাদ সহকারে জানাইতেছি যে, আপনার "কুন্তলবৃষ্য তৈল" ব্যবহারে বিশেষ ফল পাইয়াছি। অনুগ্রহ পূর্ব্বক আর ৬ শিশি ভিঃ পিঃ পোষ্টে শীঘ্র পাঠাইয়া দিয়া বাধিত করিবেন। ইতি ২৩শে মে ১৮৯২ সাল।

শ্রীশরৎচন্দ্র মজুমদার।

জেলা খুল্‌নার সবজজ্ বহুমানাস্পদ শ্রীযুক্ত বাবু পূর্ণচন্দ্র সোম মহোদয় লিখিয়াছেন।

মহাশয়, আপনার সুপ্রসিদ্ধ "কুন্তলবৃষ্য তৈল" অদ্য ৮ বৎসর ব্যবহারে বিশেষ উপকার লাভ করিয়াছি। অদ্য ১০৲ টাকার মণিঅর্ডার করিলাম, অনুগ্রহপূর্ব্বক ১২ শিশি "কুন্তলবৃষ্য তৈল" পাঠাইয়া দিবেন। ইতি তাং ৯ সেপ্টেম্বর ১৮৮৯ সাল।

শ্রীপূর্ণচন্দ্র সোম।

সারিবাদি কষায়।

উপদংশবিকারঘ্নো দুষ্টশোণিতনাশনঃ।
পারদোত্থান্ গদান্ সর্ব্বান্ বাতরোগঞ্চ দারুণম্।
সারিবাদিকষায়োঽসৌ হন্যাদ্ বলকরঃ পরঃ।

শোণিত জীবদেহের এক প্রধান উপাদান। ইহার বিশুদ্ধতা ও অবিশুদ্ধতাই স্বাস্থ্য এবং পীড়ার একমাত্র কারণ। যে পর্য্যন্ত মনুষ্যদেহে রক্ত দূষিত না হয়, তাবৎকাল কোন পীড়ার সম্ভাবনা থাকে না। কিন্তু একবার দূষিত হইলেই সর্ব্ববিধ পীড়ার আবির্ভাব হইয়া থাকে। অধিক কি, দেহের একস্থলের রক্ত দূষিত হইলে স্বাভাবিক রক্ত স্রোতের দ্রুতগতি বশতঃ শীঘ্রই প্রায় সমস্ত দেহের রক্ত দূষিত হইয়া উঠে। অনিয়মিত আহার, বিহার, অতিরিক্ত পরিশ্রম অথবা এককালে পরিশ্রম বা ব্যায়ামের অভাব, ঋতুপরিবর্ত্তন, দূষিত জলবায়ু সেবন ও পারদাদি বিষদোষ ইত্যাদি কারণবশতঃ দেহের রক্ত দূষিত হয়। আমাদিগের এই অত্যাশ্চর্য্যগুণান্বিত অমোঘ "সারিবাদি কষায়" সেবন করিলে, রক্তদোষজনিত সকল প্রকার পীড়া, বিশেষতঃ বাত, বাতরক্ত, পারদোষ, উপদংশ, গাত্রকণ্ডু ও দদ্রু প্রভৃতি ত্বক্‌রোগ এবং সর্ব্ববিধ ক্ষত, সত্বর প্রশমিত হয়। ইহা ভিন্নদেশীয় সালসা অপেক্ষা অস্মদ্দেশে বিশেষ উপকারী, কারণ দেশ ও প্রকৃতিভেদে ঔষধের গুণের তারতম্য হইয়া থাকে, অতএব অস্মদ্দেশজাত ঔষধই যে অস্মদ্দেশীয়দিগের বিশেষ উপযোগী হইবে, তাহাতে আর অনুমাত্র সন্দেহ নাই।

১ শিশির মূল্য ... ... ১।০ টাকা।
প্যাকিং ও ডাঃ মাঃ ৸৵০ আনা। ভিঃ পিঃ ২৷০ টাকা।
এককালে ৬ শিশির মূল্য ... ৭৷০ টাকা।

প্রশংসাপত্র।

পঞ্জাবের ভূতপূর্ব্ব সিভিল সার্জ্জন শ্রীযুক্ত এইচ, ডবলিউ, মিটনিস্, এম্, আর, সি, এস্, (লণ্ডন), সাহেব মহোদয় আমাদের "সারিবাদি কষায়ের" উপকারিতার বিষয় লিখিয়াছেন।

(ইংরাজি হইতে অনুবাদিত)

কলিকাতা, ৮ই জানুয়ারি ১৮৭৯ সাল।

মহাশয়, আমাদের অনুগ্রহ ক্রমে আপনার আবিষ্কৃত "সারিবাদি কষায়" পরীক্ষার্থ কতকগুলি রোগীকে ব্যবহার করাইয়া আশাতীত ফল পাইয়াছিলাম। উক্ত বিষয় আপনাকে জ্ঞাত করা যুক্তিযুক্ত বিবেচনা করিয়া জানাইতেছি যে, উহা "সর্ব্বপ্রকার উপদংশ রোগের মহোপকারক ঔষধ, অতি উৎকৃষ্ট রক্তপরিষ্কারক এবং উপদংশ ও পারদোষজনিত সর্ব্বপ্রকার চর্ম্মরোগে বিশেষ ফলপ্রদ।"

এইচ্, ডব্লিউ, মিটনিস্,
M. R. C. S. (London).
এম্, আর, সি, এস্, (লণ্ডন)

শ্রীরামপুরের সিভিল মেডিক্যাল অফিসার প্রসিদ্ধ ডাক্তার শ্রীযুক্ত বাবু উদয়চাঁদ দত্ত মহোদয় লিখিয়াছিলেন।

প্রিয় বিনোদ বাবু।

প্রায় একবৎসর অতীত হইল আপনি যে দুই শিশি "সারিবাদি কষায়" আমার নিকট পরিক্ষার্থ প্রেরণ করেন তাহা ব্যবহার করাইয়া বিশেষ ফল প্রত্যক্ষ করিয়া পরে তাহা আমি দুই জন গৌণউপদংশ এবং এক জন বাতরোগাক্রান্ত রোগীকে ব্যবস্থা করিয়াছিলাম। তাহারা আরোগ্যলাভ করিয়াছে। আমি আপনার "মৃগাঙ্কদ্রব" পরীক্ষা করিয়া দেখিবার জন্য ২ টী রক্তোৎকাস রোগীকে উহা ব্যবস্থা করি তাহাদিগের পীড়া সত্বর উপশমিত হওয়াতে পরিতুষ্ট হইয়াছি। বহুদিবস হইতে আমি দেশীয় ঔষধপ্রিয়; আপনার ঔষধের গুণ দৃষ্টে আরও দেশীয় ঔষধের পক্ষপাতী হইয়াছি, এই সকল ঔষধ আবিষ্কার জন্য আপনি বিশেষ প্রশংসার যোগ্য। ইতি ১২ অগ্রহায়ণ ১২৮৫ সাল। আপনার

শ্রীউদয়চাঁদ দত্ত।

মহাশয়, অনুগ্রহ পূর্ব্বক প্রেরিত লোক মারফত আপনার আবিষ্কৃত "সারিবাদি কষায়" এক শিশি দিবেন। ইতি পূর্ব্বে আপনার ঐ ঔষধ ২ শিশি ব্যবহারে আমার বাতাদিরোগের বিশেষ ফল পাইয়াছিলাম। নিবেদন ইতি ২৫ শ্রাবণ ১২৯৮ সাল। নিবেদন

শ্রীনীলকমল রায়, পেস্কার।
চৌধুরঅফিস, মাহাজাদপুর, পাবনা।

অশ্বগন্ধারসায়ন।

জীবনং বৃংহণং বৃষ্যং দীপনং দোষনাশনম্।
অশ্বগন্ধারসোল্লু,তমশ্বগন্ধারসায়নম্॥
ব্যাধিভিঃ ক্ষীণদেহা যে নীরক্তা দুর্ব্বলেন্দ্রিয়াঃ।
অমেধসো নষ্টশুক্রা জরয়া জর্জ্জরীকৃতা॥
তেষাংহিতমিদং দ্রব্যং প্রসবান্তে চ যোষিতাম্॥

বিশেষ রাসায়নিক প্রক্রিয়া দ্বারা সুপ্রসিদ্ধ পুষ্টিকর বনজ ঔষধি অশ্বগন্ধার বীর্য্য হইতে গৃহীত এই জরাব্যাধিনাশক ঔষধ প্রস্তুত হইয়াছে। ইহাতে রক্তসংশোধক, শুক্রজনক, জীবনী-শক্তি-সংবর্দ্ধক এবং আগ্নেয়গুণ থাকাতে, ইহা দ্বারা দীর্ঘকালীন রোগজন্য বা স্বাভাবিক দেহের ক্ষীণতা, নীরক্তাবস্থা, স্নায়বিক ও শারীরিক দৌর্ব্বল্য শিরোঘূর্ণন, দর্শন ও শ্রবণশক্তির অল্পতা, শুক্রমেহ ও শুক্রতারল্য এবং স্ত্রীদিগের প্রসবান্তে বা অন্য কারণ বশতঃ দৌর্ব্বল্য ও কৃশতা ইত্যাদি সত্বর নিবারিত হয়। এই নির্দ্দোষ ঔষধ, আবাল, বৃদ্ধ, বনিতা, সকলেই সর্ব্বাবস্থায় অনায়াসেই সেবন করিতে পারেন।

১ শিশির মূল্য ... ১৷৹ টাকা।
প্যাকিং ও ডাঃ মাঃ ৷৶৹ আনা। ভিঃ পিঃ ২৷৹ „
এককালে ৬ শিশির মূল্য ... ৭৷৹ „

প্রশংসাপত্র।

কলিকাতা মেওহস্পিটালের ভূতপূর্ব্ব হাউস্ সার্জ্জন শ্রীযুক্ত বাবু গুরুগোবিন্দ সেন. এল্, এম্, এস্,(ডাক্তার) মহোদয় "অশ্বগন্ধারসায়নের" উপকারিতার বিষয় লিখিয়াছেন।

কলিকাতা, ৪ পৌষ ১২৯০ সাল।

মহাশয়, অবগত আছেন, আমি ডাক্তারি অধ্যয়নকাল হইতে আয়ুর্ব্বেদ মতের পক্ষপাতি, তাহা আমার স্বাস্থ্যরক্ষা সম্বন্ধীয় গ্রন্থেই প্রকাশিত আছে। শাস্ত্রীয় চিকিৎসা করিব এবং ঐ ঔষধ ব্যবহার করিব ইহা আমার আন্তরিক ইচ্ছা। আমার শরীর অধ্যয়ন ও পরিশ্রম দ্বারা নিতান্ত দুর্ব্বল ও নিস্তেজঃ হইয়াছিল, আমি আপনার সহোদরের পরামর্শে আপনার সুবিখ্যাত "অশ্বগন্ধা-রসায়ন" ৬ শিশি, ব্যবহার করিয়া আশাতীত ফললাভ করিয়াছি এবং রোগীদিগকে প্রদান করিয়া বারংবার ইহার মহোপকারিতা প্রত্যক্ষ করিয়াছি। আপনার স্নেহভাজন

শ্রীগুরুগোবিন্দ সেন।
(ডাক্তার) এল্, এম্, এস্।

কলিকাতা, ৩ জানুয়ারি ১৮৮৪ সাল।

আপনার আবিষ্কৃত "অশ্বগন্ধারসায়ণ" নানা-স্থানে ব্যবহারে যেরূপ আশাতীত ফল পাইয়াছি তাহাতে আমার বিশেষ প্রতীতি জন্মিয়াছে যে উহা "শারীরিক ও স্নায়বীক দৌর্ব্বল্যের" পক্ষে মহৌষধ। অধিকন্তু ইহার দ্বারায় প্রমেহের এবং মূত্রকৃচ্ছ্রেরও বিশেষ উপকার হয়। এক্ষণে আমি বহুল পরিমাণে উহা ব্যবহার করিতে মনস্ত করিয়াছি। বশম্বদ

শ্রীআদ্যনাথ বসু,
(ডাক্তার) এল্, এম্, এস্।

ভূনিম্বাদি কষায়।

দূষিত জলবায়ুজনিত (ম্যালেরিয়াক্) জ্বর, সর্ব্বপ্রকার পুরাতন-জ্বর, বিষম-জ্বর, মেহঘটিত জ্বর, একজ্বর ও পর্য্যায়-জ্বর এবং তৎসংযুক্ত প্লীহা যকৃতাদির নিশ্চয় আরোগ্যকারক মহৌষধ।

১ বোতলের মূল্য ... ১, টাকা।
প্যাকিং ও ডাঃ মাঃ ৷৶৹ আনা। ভিঃ পিঃ ২,
এককালে ৬ বোতলের মূল্য ... ৫, টাকা।

ডাকে বোতল পাঠাইতে হইলে অধিক মাশুল লাগে, তজ্জন্য ইহা শিশি পূর্ণ করিয়া পাঠান হয়।

প্রশংসাপত্র।

পাবনার জজ্ আদালতের প্রসিদ্ধ উকিল বহুমানাস্পদ শ্রীযুক্ত বাবু যাদবচন্দ্র বাগচি মহাশয় "ভূনিম্বাদি কষায়ের" উপকারিতার বিষয় লিখিয়াছেন।

পরম কল্যাণবরেষু।

আহ্লাদ সহকারে জানাইতেছি যে আপনার নবাবিষ্কৃত "ভূনিম্বাদি কষায়, দুই বোতল নিয়ম-মত ব্যবহারে মদীয় তনয়া শ্রীমতী বরদা সুন্দরীর যকৃৎপ্লীহাশ্রিত ম্যালেরিয়া জ্বর অত্যল্পকালে সুবিরাম হইয়াছে। মহাশয় চিরজীবী হউন, এই আশীর্ব্বাদ করি। ইতি ৮ই চৈত্র ১২৮৮ সাল।

আশীর্ব্বাদক

শ্রীযাদবচন্দ্র বাগ্চি।

শক্তি থাকায় এই মহৌষধ দ্বারা সর্ব্বপ্রকার জ্বর অর্থাৎ জীর্ণজ্বর, বিষমজ্বর, ধাতুস্থজ্বর, প্লীহা ও যকৃৎ সংযুক্ত জ্বর, ম্যালেরিয়া জ্বর, অনুচিত কুইনাইন সেবনজনিত জ্বর ও তদানুষঙ্গিক অগ্নিমান্দ্য, অরুচি, উদরাময়, শোথ ও অবসাদাদি তাবৎ উপদ্রব নিশ্চয়ই নিবারিত হইয়া থাকে এবং ইহার "জীবনীয়" গুণ থাকায় শরীরের পুষ্টি, কোষ্ঠের শুদ্ধি, অগ্নির দীপ্তি, ধাতু সকলের বৃদ্ধি, ইন্দ্রিয় সকলের প্রখরতা এবং শুক্র, রজঃ ও ওজঃ পদার্থের প্রসন্নতা হয়। ইহার প্রভাবে, বর্দ্ধিত প্লীহা, যকৃৎ ও অগ্রমাংস প্রভৃতি পীড়িত যন্ত্র সকলও কোমল হইয়া স্বাভাবিক অবস্থা প্রাপ্ত হইয়া থাকে। এই মহৌষধ "ঋষভক বটিকার" শক্তিতে জ্বরমুক্তরোগীর দিন দিন অগ্নির দীপ্তি, আহারে রুচি, ভোজনে তৃপ্তি, দেহের উপচিতি, বলের বৃদ্ধি ও মনের প্রফুল্লতা ও ইন্দ্রিয়ের সামর্থ্য প্রভৃতি স্বাস্থ্য লক্ষণ সকল উপস্থিত হয়। ম্যালেরিয়া জ্বরের এপর্য্যন্ত যত ঔষধ আবিষ্কার হইয়াছে "ঋষভক বটিকার" ন্যায় স্থায়ীফল কোন ঔষধেরই নাই। ইহা যেমন আশু জ্বরনাশক তেমন দেহের পুষ্টিসাধক।

১ কৌটার মূল্য ... ... ১৲ টাকা।
ডাকমাশুল ।০ আনা। ভিঃ পিঃ ১৶০ আনা।
এককালে ১২ কৌটার মূল্য ১০৲ টাকা।

প্রশংসাপত্র।

শেওড়াপুলির অশেষগুণালঙ্কৃত বহুমানাস্পদ শ্রীলশ্রীযুক্তকুমার নরেন্দ্রচন্দ্র রায় মহোদয় "ঋষভক বটিকার" উপকারিতার বিষয় লিখিয়াছেন ;—

প্রিয় কবিরাজ মহাশয়,

আমি ৪বৎসর ম্যালেরিয়া জ্বরে ভুগিয়া, ডাক্তারি এবং হাকিমি চিকিৎসায় ফললাভ না করিয়া, গতবৎসর নবেম্বর মাসে আপনার সুচিকিৎসায়, বিশেষতঃ আপনার প্রস্তুত "ঋষভক বটিকা" সেবনে সম্পূর্ণরূপে আরোগ্য লাভ করিয়াছি। আমি এক্ষণে নিঃশঙ্কচিত্তে বলিতে পারি যে, আমার ন্যায় পুরাতন ম্যালেরিয়া জ্বরাক্রান্ত যে কোন ব্যক্তি আপনার "ঋষভক" সেবন করিবেন, তিনিই নিশ্চয় আরোগ্য লাভ করিবেন।

আপনার, শ্রীনরেন্দ্রচন্দ্র রায়।

রামনগরের প্রশংসিত চিকিৎসক শ্রীযুক্ত বাবু শুভদাপ্রসাদ মুখোপাধ্যায় মহোদয় লিখিয়াছেন :—

মহাশয়, আমি এপর্য্যন্ত অনেক সুবিখ্যাত বৈদ্য ও ডাক্তার মহাশয়দিগের অনেক ঔষধ আনাইয়া পরীক্ষা করিয়া দেখিয়াছি, কিন্তু মহাশয়ের নবাবিষ্কৃত "ভূনিম্বাদি কষায়" ও "ঋষভক বটিকার" তুল্য বিষমজ্বরের মহৌষধ আর দেখি নাই। আমি কতকগুলি রোগীকে উক্ত ঔষধ সেবন করাইয়াছি, সকলেই উত্তমরূপ আরোগ্য লাভ করিয়াছেন। একান্ত বশম্বদ

শ্রীশুভদাপ্রসাদ মুখোপাধ্যায়।

ইচ্ছাভেদী বটিকা।

কোষ্ঠাশ্রিত বায়ু, জ্বর অর্শঃ অজীর্ণ, যকৃৎ, পাণ্ডু, শোথ, উদরী, বাত, শিরঃপীড়া এবং বিকৃত রক্ত, বিকৃত-পিত্ত ও কোষ্ঠবদ্ধ জন্য যে সকল পীড়া উপস্থিত হয়, ইহা সেবনে তৎসমুদায় নিশ্চয় আরোগ্য হয়। সকলেই জানেন যে একমাত্র "মলবদ্ধই" সর্ব্বরোগের কারণ। কোষ্ঠ বিশুদ্ধ না হইলে কোন ঔষধ কার্য্যকর হয় না সুতরাং কোন পীড়াই আরোগ্য হয় না। অতএব সর্ব্বপীড়া শান্তির জন্য উপরোক্ত নির্দ্দোষ বিরেচক ব্যবহার করা নিতান্ত আবশ্যক। তজ্জন্য যে কোন পীড়াতেই হউক, অপর ঔষধ সেবনকালে এই হিতকর ঔষধ ব্যবহার করা বিশেষ আবশ্যক। ইহা বালক, বৃদ্ধ এবং যুবা, সুস্থ ও পীড়িতাবস্থায় নির্ব্বিঘ্নে সেবন করিতে পারেন।

১ কৌটার মূল্য ... ॥০ আনা।
ডাকমাশুল ।০ আনা। ভিঃ পিঃ ৸৶০ "
এককালে ১২ কৌটার মূল্য ৫৲ টাকা।

প্রশংসাপত্র।

মহাশয়, আমি বহুকাল হইতে কোষ্ঠবদ্ধজনিত শিরোরোগে কষ্ট পাইতেছিলাম। উক্ত পীড়াজন্য কবিরাজী মতের অনেক প্রকার ঔষধ সেবন করিয়াছি। কিছুতেই আরোগ্য লাভ করিতে পারি নাই। অবশেষে আপনার নিকট হইতে "ইচ্ছাভেদি বটিকা" নামক মহৌষধ এক কৌটা আনাইয়া তিন দিন মাত্র সেবন করায় অনেক উপকার পাইয়াছি। ইহা যে কোষ্ঠবদ্ধজনিত শিরোরোগের একমাত্র "মহৌষধ" তাহাতে সন্দেহ নাই।

শ্রীপ্রসন্নকুমার চক্রবর্ত্তী।
শিক্ষক, পটিয়া স্কুল চট্টগ্রাম।

কুন্তলবৃষ্য তৈল।

বহুদিবস হইতে আমরা কেশতত্ত্ব পর্য্যালোচনা করিয়া এই মহোপকারক "কুন্তলবৃষ্য তৈল" আবিষ্কার করিয়াছি। ইহা যথাবিধি ব্যবহারে কেশপাত, টাক, খুস্‌কী, মস্তকব্রণ ও কেশের অকালপক্কতা প্রভৃতি কেশ ও কেশভূমি সম্বন্ধীয় মস্তকের সমস্ত পীড়া, অধিকন্তু ইহা দ্বারা মস্তকঘূর্ণন, মস্তিষ্কের দুর্ব্বলতা, সর্ব্বদা মনের চাঞ্চল্য, কর্ত্তব্যকর্ম্মে অনুৎসাহ, দর্শন, শ্রবণ ও স্মরণশক্তির অল্পতা প্রভৃতি এবং বাতপিত্তাদিজনিত উৎকট রোগসকল নিশ্চয়ই নিবারিত হয়।

কারণ—কোন রোগ ভাল করিতে হইলে অগ্রে সেই রোগের উৎপাদন হেতু ও তাহার সম্প্রাপ্তি বিশেষরূপ লক্ষ্য করিয়া,পরে তদুপযোগী ঔষধ প্রয়োগ করা কর্ত্তব্য, তাহা হইলে রোগের শান্তি হয়। নতুবা অন্ধকারে লোষ্ট্রনিক্ষেপের ন্যায় অনির্দ্দিষ্ট ফল হইয়া থাকে। আমরা কুন্তলবৃষ্যাদি যতপ্রকার ঔষধ আবিষ্কার করিয়াছি, সকল স্থলেই দ্রব্য সমূহের গুণ ও তাহাদের সংযোগজ শক্তি এবং রোগের স্বরূপ, এই সমস্ত বিষয় যথাযথ বিবেচনা করিয়া ঔষধ সকল স্থির করিয়াছি। তজ্জন্যই ঔষধ সমস্ত আশানুরূপ ফলপ্রদান করে এবং সেই কারণেই কি রাজা, কি প্রজা, কি ধনী, কি নির্ধন, সকলের নিকট ঐ ঔষধগুলি এত সমাদৃত হইয়াছে। মনে করুণ, কেশপাত ও টাকরোগে পিত্ত কুপিত হইয়া কেশমূলকে পচায় এবং বায়ু কুপিত হইয়া তাহাকে শুষ্ক করে, তজ্জন্যই কেশ সকল দুর্ব্বল ও বিবর্ণ হইয়া উঠিতে থাকে। আবার সেই কেশপাত রোগে যদি শ্লেষ্মা ও রক্ত কুপিত হইয়া ঐ কেশকূপ সকলকে রুদ্ধ করিয়া ফেলে, তাহা হইলে সেই স্থানে আর কেশের পুনরুদ্ভব হয় না, সুতরাং টাক রোগ জন্মে। এখন দেখুন, কেশপাত ও টাকরোগের ত এই হেতু ও এইরূপে ইহাদের উৎপত্তি। এক্ষণে কি ঔষধ দিলে ইহাদের প্রতিকার হইবে? বাতাদি দোষের প্রশমক অম্ল মধুরাদি দ্রব্য ত অনেকই আছে, কিন্তু সাধারণ দোষপ্রশমক ঔষধে ত বিশেষ রোগের শান্তি হয় না। এমন ঔষধ প্রয়োগ করিতে হইবে, যাহা রসেই হউক, গুণেই হউক, বীর্য্যেই হউক, বিপাকেই হউক বা প্রভাবেই হউক, উহা রোগস্থানে কার্য্যকারী হয়, তাহা হইলেই সেই রোগের প্রশম হইবে, নতুবা অবশ্যই অন্ধকারে ঢিল মারার ন্যায় অনির্দ্দিষ্ট ফল ফলিবে। রোগোপযোগী যথাযথ ঔষধ নির্ব্বাচন করাই চিকিৎসকের চিকিৎসকত্ব এবং তাহাই অতীব সুকঠিন। আমাদের এই "কুন্তলবৃষ্য তৈল" এরূপ উপাদানে নির্ম্মিত ও এরূপ সংযোগে সংযোজিত যে,ইহা মস্তকে মাখিলে কেশকূপানুগত বায়ু, পিত্ত, কফ ও রক্ত সকলেরই প্রকোপ নষ্ট হয় অর্থাৎ ইহা দ্বারা বায়ুর শোষকতা, পিত্তের পচন এবং কফ ও রক্তের কেশকূপাবরোধ নিবারিত হয়। এই মহোপকারী তৈলে কেশভূমি স্নিগ্ধ ও প্রকৃতিস্থ থাকে। যদ্দারা শিরোগত বাতপিত্তাদি দোষের প্রকোপ ও কেশভূমির দুষ্টি দূরীভূত হয়, তাহাতে কেশপাত, টাক, খুস্‌কী, শিরোব্রণ ও কেশের অকালপক্কতা প্রভৃতি কেশ ও কেশভূমি সম্বন্ধীয় রোগ সকল কেন না নিবারিত হইবে? এবং কেনই বা এই ত্রিদোষনাশক স্নিগ্ধ গুণান্বিত তৈলে মস্তকঘূর্ণন, মস্তিষ্কের দুর্ব্বলতা, চিত্তের চাঞ্চল্য, কার্য্যে অনুৎসাহ এবং দর্শন, শ্রবণ ও স্মরণশক্তির অল্পতা প্রভৃতি উৎকট রোগ সকল বিনষ্ট না হইবে? আমাদের "কুন্তলবৃষ্য তৈল" যেমন রোগনাশক, তেমনই আবার ঐ সকল রোগের প্রতিষেধক। এই তৈল সুস্থাবস্থায় মাখিলে উক্ত রোগ সকল কখনই উৎপন্ন হইবে না।

যদিও কেশপাত ও টাক প্রভৃতি রোগে বিশেষ জ্বালা যন্ত্রণা নাই, তথাপি উহাকে অগ্রাহ্য করা কোন ক্রমেই কর্ত্তব্য নহে। পরমেশ্বর যে কেবল মস্তকের শোভার্থই কেশ প্রদান করিয়াছেন, তাহা নহে। মস্তক সুস্থ থাকিলে চক্ষুকর্ণাদি ইন্দ্রিয় সকলও সবল থাকে, মস্তক পীড়িত হইলে উহারাও পীড়িত হয়। অতএব যে উপাঙ্গ (কেশ) দ্বারা উত্তমাঙ্গ রক্ষিত হয় এবং যে উত্তমাঙ্গ রক্ষিত হইলে চক্ষু কর্ণাদি সমস্ত জ্ঞানেন্দ্রিয় সবল থাকে, যে জ্ঞানেন্দ্রিয়ের বলে জীব সকল সংসারে পরম সুখে অবস্থান করে, সেই সুখলাভ করিতে হইলে অগ্রে কেশরক্ষা বিষয়ে সকলেরই বিশেষ দৃষ্টি রাখা কর্ত্তব্য। "কুন্তলবৃষ্য তৈল" অতি মনোহর গন্ধবিশিষ্ট বলিয়া ইহা বায়ুনাশক সুতরাং ইহা দ্বারা সমস্ত বায়ুবিকার প্রশমিত এবং শরীর স্নিগ্ধ ও চিত্ত প্রফুল্ল হয়।

একশিশির মূল্য ... ... ১৲ টাকা।
প্যাকিং ও ডাঃ মাঃ ।৵০ আনা। ভিঃপিঃ ১।৷০ "
এককালে ১২ শিশির মূল্য ... ... ১০৲ "

প্রশংসাপত্র।

ভারতের প্রধানতম ধর্ম্ম সুপ্রসিদ্ধ ধর্ম্মসংস্কারক স্বর্গীয় মহাত্মা কেশবচন্দ্র সেন মহোদয় স্বয়ং লিখিয়া গিয়াছেন ;—

আমি ৬ মাসকাল ব্যবহার করিয়া বিশেষরূপ জানিয়াছি যে, আপনার 'কুন্তলবৃষ্য তৈল' শিরঃশূল ও শিরোঘূর্ণনাদি রোগের অব্যর্থ ফলপ্রদ মহৌষধ।

আপনার—শ্রীকেশবচন্দ্র সেন।
কলিকাতা, কলুটোলা।

নাঁওগাঁ জেলার একষ্ট্রা এসিস্‌ট্যান্ট কমিসনার বহুমানাস্পদ শ্রীযুক্ত বাবু শরৎচন্দ্র মজুমদার মহোদয় লিখিয়াছেন ;—

মহাশয়, আহ্লাদ সহকারে জানাইতেছি যে, আপনার "কুন্তলবৃষ্য তৈল" ব্যবহারে বিশেষ ফল পাইয়াছি। অনুগ্রহ পূর্ব্বক আর ৬ শিশি ভিঃ পিঃ পোষ্টে শীঘ্র পাঠাইয়া দিয়া বাধিত করিবেন।

শ্রীশরৎচন্দ্র মজুমদার।

জেলা খুলনার সবজজ্ বহুমানাস্পদ শ্রীযুক্ত বাবু পূর্ণচন্দ্র সোম মহোদয় লিখিয়াছেন ;—

মহাশয়, আপনার সুপ্রসিদ্ধ "কুন্তলবৃষ্য তৈলে" বিশেষ উপকার পাইয়া অদ্য ৮ বৎসর কাল ব্যবহার করিতেছি। ১০৲ টাকার মণিঅর্ডার করিলাম, অনুগ্রহ পূর্ব্বক ১২ শিশি "কুন্তলবৃষ্য তৈল" পাঠাইয়া দিবেন।

শ্রীপূর্ণচন্দ্র সোম।

কর্পূরাসব।

ইহা সেবনে বিসূচিকা অর্থাৎ ওলাউঠা, প্রবল অতিসার, আমাশয়, অগ্নিমান্দ্য ও অজীর্ণ প্রভৃতি পীড়া সত্বর শান্তি প্রাপ্ত হয়। ওলাউঠা রোগের উপক্রম হইতেই ইহা নিয়মিতরূপে সেবিত হইলে, পীড়া প্রায় প্রবল ও মারাত্মক হইতে দেখা যায় না।

১ শিশির মূল্য ... ॥০ আনা।
প্যাকিং ও ডাঃ মাঃ ।৵০ আনা। ভিঃ পিঃ ১৲ টাকা।
এককালে ১২ শিশির মূল্য ৫৲ টাকা।

স্বর্ণঘটিত ষড়্‌গুণবলিজারিত

মকরধ্বজ।

ইহা সকলেই অবগত আছেন যে, উপরোক্ত মহোপকারক ঔষধ, অনুপান বিশেষের সহিত সেবন করিলে বায়ু, পিত্ত ও কফদূষিত নিম্নলিখিত সর্ব্বপ্রকার পীড়া অর্থাৎ জ্বর, বিকার, জীর্ণগ্রহণী, ক্রিমি, অর্শঃ, অজীর্ণ, কোষ্ঠাশ্রিত বায়ু, প্রমেহ, শুক্রক্ষয়, কাস, ক্ষয়, অতিশয় অধ্যয়ন কিংবা অপর কোন মানসিক ও শারীরিক পরিশ্রমজন্য ধাতুদৌর্ব্বল্য এবং মস্তিষ্কের হীনবলতা, স্ত্রীদিগের প্রসবান্তে দৌর্ব্বল্য, শিশুদিগের উৎকাসি এবং বৃদ্ধাবস্থার প্রায় সমস্ত রোগই নিশ্চয় আরোগ্য হয়। ফলতঃ ইহার দ্বারা সমস্ত রোগেরই ধ্বংস হয়, ইহা বলিলেও অত্যুক্তি হয় না। যেরূপ এক সূর্য্যরশ্মি নীল পীতাদি বিবিধ কাচে বিবিধবর্ণে প্রতিফলিত হয়, সেইরূপ একমাত্র "মকরধ্বজ" ভিন্ন ভিন্ন অনুপানের সহিত মিলিত হইলে ভিন্ন ভিন্ন গুণ ধারণ করিয়া সমস্ত রোগেরই শান্তি করিয়া থাকে। অধিকন্তু ইহার দ্বারা আয়ুর্বৃদ্ধি ও রতিশক্তি অতি প্রবল হয়।

১ যব মাত্রায় ৭ পুরিয়ার মূল্য ... ১৲ টাকা।
ডাকমাশুল ।০ আনা। ভিঃ পিঃ ১।৵০ আনা।
১ তোলার মূল্য ২৪৲ টাকা। ভিঃ পিঃ ২৪॥০ ,,

প্রশংসাপত্র।

সারণ জেলার অন্তর্গত মহারাজগঞ্জের প্রসিদ্ধ জমিদার বাবু রায়শ্যাম বাহাদুর ষড়্‌গুণবলিজারিত মকরধ্বজের উপকারিতার বিষয় লিখিয়াছেন ;—

মহাশয়, বিগত ডিসেম্বর মাসে আপনার নিকট হইতে যে ৭ পুরিয়া "মকরধ্বজ" আনাইয়াছিলাম উহার অত্যাশ্চর্য্য গুণদর্শনে আমি মোহিত হইয়া সাতিশয় আহ্লাদ সহকারে উহার উপকারিতার বিষয় মহাশয়কে জানাইলাম।

শ্রীরায়শ্যাম বাহাদুর—জমিদার।

মহাশয়, আমি নিদ্রিত অবস্থায় স্বপ্নে বীর্য্যস্খলন রোগে আক্রান্ত হইয়া ভয়ানক কষ্টে কালযাপন করিতেছিলাম। কিন্তু আপনার নিকট হইতে "মকরধ্বজ" আনাইয়া সেবন করিয়া বিশেষরূপে আরোগ্যলাভ করিয়াছি।

বাধ্য, শ্রীজমিরুদ্দিন ভ্যাক্সিনেটার।
রাণীগঞ্জ, খাঁজাহানপুর, দিনাজপুর।

সারিবাদি কষায়।

আমাদের এই অত্যাশ্চর্য্য-গুণান্বিত রক্তদুষ্টির অমোঘ ঔষধ "সারিবাদি কষায়" অর্থাৎ দেশীয় সালসা যথাবিধি সেবন করিলে বাত, রক্ত ও পিত্তদুষ্টি, পারদবিকৃতি, উপদংশ (গরমী), বাত-রক্ত, গাত্রকণ্ডু, দদ্রু, সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, খোস, পাঁচড়া, বা ঘামাচির ন্যায় চিহ্ন অথবা কাল কাল দাগ; লিঙ্গে, কোষে বা কুঁচকি প্রভৃতি স্থানে ঘা, এই সকল কদর্য্য ও কষ্টপ্রদ ব্যাধি সত্বর প্রশমিত হয়। ইহা দ্বারায় শারীরিক দৌর্ব্বল্য, কৃশতা, ধাতুক্ষীণতা ও কোষ্ঠ-বদ্ধতা প্রভৃতি দূরীভূত হইয়া শরীর হৃষ্ট, পুষ্ট ও বলিষ্ঠ এবং চিত্ত প্রফুল্ল হয়। ইহার ন্যায় রক্তপরিষ্কারক ও পারদদোষনাশক ঔষধ আর দ্বিতীয় নাই। সারিবাদি কষায় সেবনকালে বাঁধাসালসার ন্যায় গৃহে আবদ্ধ থাকা প্রভৃতি কষ্টকর নিয়ম সকল প্রতিপালন করিতে হয় না, অথচ তদ্রূপ ফল হইয়া থাকে। ইহা ভিন্নদেশীয় সালসা অপেক্ষা অস্মদ্দেশে বিশেষ উপকারী।

১ শিশির মূল্য ... ... ১॥০ টাকা।
প্যাকিং ও ডাঃ মাঃ ৷৶০ আনা। ভিঃ পিঃ ২॥০ "
এককালে ১২ শিশির মূল্য ... ... ১৩, "

প্রশংসাপত্র।

পঞ্জাবের ভূতপূর্ব্ব সিভিল সার্জ্জন শ্রীযুক্ত এইচ, ডবলিউ, মিট্টনিস, এম, আর, সি, এস, (লণ্ডন), সাহেব মহোদয় আমাদের "সারিবাদি কষায়ের" উপকারিতার বিষয় লিখিয়াছেন ;—

(ইংরাজি হইতে অনুবাদিত)

"মহাশয়, আসামের অন্তর্গত যোরহাটে আপনার আবিষ্কৃত "সারিবাদি কষায়", পারদদোষগ্রস্ত কতকগুলি রোগীকে ব্যবহার করাইয়া আশাতীত ফল পাইয়াছিলাম। উক্ত বিষয় জ্ঞাত করা যুক্তি-যুক্ত বিবেচনা করিয়া জানাইতেছি যে, উহা সর্ব্বপ্রকার উপদংশ রোগের মহোপকারক ঔষধ, অতি উৎকৃষ্ট রক্তপরিষ্কারক এবং উপদংশ ও পারাদোষ-জনিত সর্ব্বপ্রকার চর্ম্মরোগে বিশেষ ফলপ্রদ।"

এইচ্, ডব্লিউ, মিট্টনিস্,
এম্, আর, সি, এস্, (লণ্ডন)।

শ্রীরামপুরের সিভিল মেডিক্যাল অফিসার প্রসিদ্ধ ডাক্তার শ্রীযুক্ত বাবু উদয়চাঁদ দত্ত মহোদয় লিখিয়াছেন ;—

প্রিয় বিনোদ বাবু!

প্রায় একবৎসর অতীত হইল আপনি যে দুই শিশি "সারিবাদিকষায়" আমার নিকট পরীক্ষার্থ প্রেরণ করেন তাহা ব্যবহার করাইয়া বিশেষ ফল প্রত্যক্ষ করিয়া পরে তাহা আমি দুই জন গৌণ-উপদংশ এবং এক জন বাতরোগাক্রান্ত রোগীকে ব্যবস্থা করিয়াছিলাম। তাহারা আরোগ্যলাভ করিয়াছে। আমি আপনার "মৃগাঙ্কদ্রব" পরীক্ষা করিয়া দেখিবার জন্য ২টী রক্তোৎকাস রোগীকে উহা ব্যবস্থা করি, তাহাদিগের পীড়া সত্বর উপ-শমিত হওয়াতে পরিতুষ্ট হইয়াছি। বহুদিবস হইতে আমি দেশীয় ঔষধপ্রিয়, আপনার ঔষধের গুণদৃষ্টে আরও দেশীয় ঔষধের পক্ষপাতী হইয়াছি, এ সব ঔষধ আবিষ্কার জন্য আপনি বিশেষ প্রশংসার যোগ্য।

শ্রীউদয়চাঁদ দত্ত। সিবিলসার্জ্জন।

কালীয়ক দ্রব।

ইহা ব্যবহারে নেত্রাভিষ্যন্দ (চক্ষুউঠা), চক্ষুর মাংসবৃদ্ধি, ক্ষত, ছানি, উহা হইতে জলস্রাব এবং অদূরদর্শন প্রভৃতি চক্ষুরোগ সমস্ত প্রশমিত হয়।

এক শিশির মূল্য ... ... ১, টাকা।
প্যাকিং ও ডাঃ মাঃ ৷৴০ আনা। ভিঃ পিঃ ১।০ „
এককালে ১২ শিশির মূল্য ... ১০, „

প্রশংসাপত্র।

মহাশয়, করাপুর নিবাসী শ্রীযুক্ত বাবু রামদয়াল বৈদিক মহাশয়ের "চক্ষে ছানি" হইয়া কিছুই দেখিতে পাইতেন না। আপনার নিকট হইতে চক্ষুরোগের "কালীয়ক দ্রব" নামক ঔষধ আনাইয়া ব্যবহার করায় চক্ষের ছানি কাটিয়া পূর্ব্বাপেক্ষা অনেক দেখিতে পাইতেছেন, ইহাতে আমি অতি-শয় সন্তোষ লাভ করিলাম। বোধ হয় কিছুদিন ব্যবহার করিলে বিশেষরূপে আরোগ্য লাভ করিবেন।

শ্রীভৈরবচন্দ্র দাস কবিরাজ।
আজিরনগর, পোষ্ট মেনানগর।

মৃগাঙ্ক দ্রব।

এই মহৌষধ ব্যবহারে রাজযক্ষ্মা ও ক্ষয়কাস প্রভৃতি সর্ব্বপ্রকার কঠিন কাসরোগ, রক্তপিত্ত, উরঃক্ষত, স্বরভঙ্গ ও হৃদ্রোগ এবং উহাদের আনুষঙ্গীভূত জ্বর, বক্ষে ও পার্শ্বে বেদনা, সপূয় রক্ত নিষ্ঠীবন, নিশাস্বেদ ও অগ্নিমান্দ্য প্রভৃতি উপদ্রব সমস্ত দূরীভূত এবং শরীর পুষ্ট ও বলিষ্ঠ হয় এবং শিশুদিগের উৎকাসি ও দুংড়িকাসি প্রভৃতি সত্বর নিবারিত হয়। কাসপ্রবণ ধাতুবিশিষ্ট ব্যক্তিদিগের অর্থাৎ প্রতি শীত ও বর্ষা ঋতুতে যাহাদের সর্দ্দি ও কাসি হইয়া থাকে, এই ঔষধ সেবন দ্বারা তাহাদিগের কাসপ্রবণতা দূর হইয়া শরীর বলিষ্ঠ ও দৃঢ়িষ্ঠ হয়। ইহা এতদ্দেশীয়দিগের পক্ষে কড্‌লিভর তৈল অপেক্ষা বিশেষ উপযোগী ও হিতকর।

১ শিশির মূল্য ... ১॥০ টাকা।
প্যাকিং ও ডাঃ মাঃ ॥৶০ আনা। ভিঃ পিঃ ২।০ আনা।
এককালে ১২ শিশির মূল্য ... ১৫৲ টাকা।

প্রশংসাপত্র।

প্রিয় কবিরাজ মহাশয়,

কএক দিবস হইল আপনি আমার জন্য যে "মৃগাঙ্ক দ্রব" ব্যবস্থা করিয়াছিলেন, উহার উপকারিতা প্রত্যক্ষ করিয়া বিশেষ সন্তুষ্ট হইয়াছি। প্রায় একবৎসর যাবৎ আমি কাসরোগে কষ্ট পাইতেছিলাম, সম্প্রতি উক্ত ঔষধ ২ শিশি ব্যবহারে আরোগ্যলাভ করিয়াছি। আমার ন্যায় রোগগ্রস্থ ব্যক্তিরা যে উহা সেবন করিলে সম্পূর্ণরূপ আরোগ্য হইবেন তাহাতে আর অণুমাত্র সন্দেহ নাই।

আশীর্ব্বাদক
শ্রীসূর্য্যকুমার বন্দ্যোপাধ্যায়।
এসিস্‌ট্যাণ্ট, কণ্ট্রোলার জেনারেল্‌স অফিস,
ট্রেসরি বিল্‌ডিংস,—কলিকাতা।

মহাশয়, আমার পিতাঠাকুর মহাশয় কাস রোগে মৃতপ্রায় হইয়াছিলেন কেবল আপনার একমাত্র "মৃগাঙ্কদ্রব" নামক মহৌষধ তাঁহার জীবনদান দিয়াছে। একারণ আমি আপনার নিকট চিরদিনের জন্য কৃতজ্ঞতাপাশে বদ্ধ রহিলাম। এমন মনে দৃঢ় সংকল্প করিয়াছি যে, আমার বাড়ীতে আপনার ঔষধ ভিন্ন পারিত পক্ষে অন্য ঔষধ ব্যবহার করিব না।

চিরানুগত, শ্রীশরচ্চন্দ্র সেন,—ডাক্তার।
জমিদারিবাড়ী, পোঃ নারায়ণডহর, জেঃ ময়মনসিংহ।

দন্তশোধন চূর্ণ।

ইহা নিয়মিতরূপে ব্যবহার করিলে, দন্তমূলের স্ফীততা, বেদনা ও ক্ষত এবং উহা হইতে পূয়রক্তাদিস্রাব নিশ্চয় নিবারণ ও দন্তমূলের শিথিলতা দূর হয়, ক্রিমিদন্ত আরোগ্য, মুখে দুর্গন্ধ দূর এবং দন্ত উত্তম শুভ্রবর্ণ হয়। এই মহৌষধ দ্বারা দন্তমূল ও দন্ত সম্বন্ধীয় সর্ব্বপ্রকার পীড়া নিশ্চয় সত্বর আরোগ্য হয়। সুস্থাবস্থায় ইহা প্রত্যহ ব্যবহার করিলে কোন প্রকার দন্তরোগ উপস্থিত হয় না এবং দন্ত বহুকাল নিশ্চল ও কর্ম্মার্হ থাকে। ইহা দ্বারা মুখ সুগন্ধ ও দন্তজ্যোতিঃ মুক্তাসম শুভ্র হয়।

১ কৌটার মূল্য ... ।০ আনা।
ডাকমাশুল ।০ আনা। ভিঃ পিঃ ৸৵০ আনা।
এককালে ১২ কৌটার মূল্য ৫৲ টাকা।

প্রশংসাপত্র।

বীরভূমের ডেপুটী মাজিষ্ট্রেট বহুমানাস্পদ শ্রীযুক্ত বাবু কুলদাপ্রসাদ সেন মহোদয় লিখিয়াছেন;—

মহাশয়, আপনার "দন্তশোধন চূর্ণ" ব্যবহার করিয়া আমার বিশেষ উপকার হইয়াছে। আমার দাঁতের গোড়া হইতে রক্ত পড়িত, ঐ চূর্ণ ব্যবহারে তাহা নিবারণ হইয়াছে এবং আরও কয়েকজন ঐ চূর্ণ ব্যবহার করিয়াছেন ও করেন তাঁহারাও উপকৃত হইয়াছেন।

শ্রীকুলদাপ্রসাদ সেন।

মহাশয়গণ, আপনাদের "দন্তশোধন চূর্ণে" আশাতীত ফললাভ করিয়া আজ ৪ বৎসর কাল আমি ইহা প্রত্যহ ব্যবহার করিতেছি। উহার প্রস্তুত প্রণালী অতি সুন্দর, এবং এতাবৎকাল ব্যবহারে আমার যে টুকু অভিজ্ঞতা জন্মিয়াছে, তাহাতে আমি মুক্তকণ্ঠে বলিতে পারি যে, উহা দন্তরক্ষণের পক্ষে বিশেষ উপকারী।

জে, এম্, ক্যাণ্টোফার।
৫ নং হুমায়ুন প্লেশ্, চৌরঙ্গি লেন,—কলিকাতা।

ক্ষীরোদ খাদ্য।

ইহা সেবন করিলে অজীর্ণ, উদরাময়, অম্লপিত্ত, শূল, মূত্রাশয় ও যকৃতের পীড়া, প্লীহা, জ্বর, কোষ্ঠবদ্ধতা, প্রমেহ, রক্তপিত্ত, কাস, শ্বাস, ক্ষয়রোগ, কর্ণরোগ, মুখরোগ, অধিক চিন্তা বা অধ্যয়ন দ্বারা মস্তিষ্কের বলহানি, চিত্তবিকার, নিদ্রানাশ, সূতিকা, প্রদর ও কষ্টরজঃ এবং শিশুদিগের উদরাময় প্রভৃতি পীড়া ঔষধের সাহায্য ব্যতীত প্রশমিত হয়। ইহা দ্বারা ক্ষুধাবৃদ্ধি, সুনিদ্রা ও আহারে রুচি উৎপন্ন হয় এবং মস্তিষ্ক, স্নায়ু ও পেশী সকল সতেজঃ ও সত্বর বলিষ্ঠ হয়। শিশু, দুর্ব্বল ও পীড়িতদিগের পক্ষে ইহা অপেক্ষা লঘু ও পুষ্টিকর পথ্য অদ্যাপি প্রকাশিত হয় নাই। ইহা ব্যাধি শান্তির এক অতি সহজ উপায়।

ছোটটিন্ কৌটার মূল্য ... ৷৹ আনা।
ডাকমাশুল ... ।৹ আনা। ভিঃ পিঃ ৸৵৹ „
এককালে ১২ টী ছোটটিন কৌটার মূল্য ৫, টাকা।
একটিন কানিষ্টার মূল্য ... ২, টাকা।
ডাকমাশুল ৸৹ আনা। ভিঃ পিঃ ২৸৵৹ আনা।
এক বড় টিন্ কানিষ্টারে এক ছোট টিন কৌটার ৬ গুণ পরিমাণ থাকে।
এককালে ১২ টিন্ কানিষ্টারের মূল্য ... ২০, টাকা।

প্রশংসাপত্র।

আশীর্ব্বাদ পূর্ব্বক নিবেদন মিদং

আমি কতকগুলি রোগগ্রস্ত হইয়া স্থানীয় জনৈক ডাক্তার বাবুর অনুমতি মতে আমি আপনাদিগের "ক্ষীরোদ খাদ্য" সেবন করিতে আরম্ভ করি। "ক্ষীরোদ খাদ্যের" ব্যবস্থা পত্রে তাহার গুণমালা বর্ণন দেখিয়া, আমি অধ্যবসায় সহকারে ক্রমে উহা তিনমাস পর্য্যন্ত সেবন করিয়া আসিতেছি। সুধাময় ঔষধ অথবা সুখসেব্য খাদ্য "ক্ষীরোদখাদ্য" দ্বারা এই অল্প সময়ের মধ্যে আমি যে অভূতপূর্ব্ব উপকার লাভ করিয়াছি, তাহা লেখনী দ্বারা ব্যক্ত করা যায় না। ব্যবস্থাপত্রে পুরুষের যে কয়েকটী পীড়ার উল্লেখ আছে, ২।৪ টী বাদে তাহার অধিকাংশ পীড়াই আমার ছিল। সেই সকল অসাধ্য বা কৃচ্ছ্রসাধ্য রোগ হইতে অনেক মুক্ত হইয়াছি, ভরসা করি আর কিছুদিন ব্যবহার করিলে নিশ্চয়ই আরোগ্য হইব।

আশীঃ, শ্রীবিপিনবিহারী ভাদুড়ী, নাজির।
মাগুড়া কালেক্টারি, মোঃ সিংহেশ্বর, পোঃ চাদড়া।

ক্ষতান্তক তৈল।

ইহা ব্যবহারে সর্ব্বপ্রকার দুষ্টক্ষত, নালীঘা, ঘুরঘুরে, অর্শঃক্ষত, ভগন্দর, পীনস, মুখরোগ ও কর্ণক্ষত প্রভৃতি সত্বর নিবারিত হয়।

১ শিশির মূল্য ... ... ১, টাকা।
প্যাকিং ও ডাঃ মাঃ ।৵৹ আনা। ভিঃ পিঃ ১৷৹ „
এককালে ১২ শিশির মূল্য ... ১০, „

প্রশংসাপত্র।

মহাশয়, আপনার "ক্ষতান্তক তৈলের" গুণ দর্শনে মহাশয়কে আহ্লাদ সহকারে জানাইতেছি যে, উক্ত তৈল আপনার নিকট হইতে আনাইয়া দুইটী ক্ষত রোগীর ক্ষতস্থান তিন দিন মধ্যে আরোগ্য করিয়াছি। ঘায়ের পক্ষে জ্বালা যন্ত্রণাশূন্য এমন ঔষধ "জগতে অতি দুর্লভ"। এই ঔষধের অসাধারণ গুণ জগতে যত প্রচার হইবে ততই কল্যাণ সাধিত হইবে। বিনয়াবনত

শ্রীরাসবিহারি দাস,—একাউন্‌টেণ্ট।
মুন্সেফী আদালত, হবিগঞ্জ, জেলা শ্রীহট্ট।

মহাশয়, আমি অনেক দিবস হইতে অতিকষ্টকর ও যন্ত্রণাদায়ক "ভগন্দর" রোগাক্রান্ত হইয়া কষ্ট পাইতেছিলাম। নানা প্রকার ইংরাজী ঔষধ ও আমার কোন বন্ধুর পরামর্শ মতে কলিকাতা হইতে সিঙ্গারঅয়েল প্রভৃতি প্রসিদ্ধ ঔষধ ব্যবহার করিয়া কোন ফলপ্রাপ্ত না হইয়া, পরিশেষে আপনার "ক্ষতান্তক তৈল" আনাইয়া ২।৩ শিশি ব্যবহার করায় জগদীশ্বরের কৃপায় ও আপনার তৈলের গুণে আমি দুর্দ্দান্ত রোগের হস্ত হইতে সম্পূর্ণরূপে আরোগ্যলাভ করিয়াছি ও আসামবাসী আমার একটী পরমবন্ধু "ক্ষতান্তক তৈল" দ্বারা "পীনসরোগ" হইতে মুক্ত হইয়াছেন। এখানকার ডাক্তারেরা বলিয়াছিলেন যে, তাঁহার নাসিকা খসিয়া যাইবেক।

শ্রীমধুসূদন সরকার।
পোষ্ট মাষ্টার,—গৌহাটি।

সুরসুন্দরী বটিকা।

সর্ব্বপ্রকার স্ত্রীরোগের মহৌষধ।

ইহা সেবন করিলে রক্ত ও শ্বেতপ্রদর, কষ্টরজঃ, বাধক, রোগবন্ধ্যা এবং অকাল প্রসব অর্থাৎ গর্ভস্রাব প্রভৃতি সর্ব্বপ্রকার স্ত্রীরোগ নিশ্চয় আরোগ্য হয়। এই কল্যাণকর সিদ্ধবটিকা সর্ব্বশরীরের রক্ত পরিষ্কার করিয়া জরায়ুর সমস্ত পীড়া আরোগ্য করে।

এক কৌটার মূল্য ... ২৲ টাকা।
ডাকমাশুল।৽ আনা। — ভিঃ পিঃ ২৷৵৹ আনা।
এককালে ১২ কৌটার মূল্য ... ২০৲ টাকা।

প্রশংসাপত্র।

জেলা দিনাজপুরের এ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পরম পুজনীয় শ্রীযুক্ত বাবু ভবানীচরণ মুখোপাধ্যায় "সুরসুন্দরী বটীকার" উপকারিতার বিষয় লিখিয়াছেন ;—

পরম শুভাশীর্ব্বাদ বিজ্ঞাপনঞ্চ বিশেষ ;—

প্রায় ১॥৽ বৎসর হইল আমি মোঃ ডিহিরিতে থাকিতে তথায় আমার এক পরমাত্মীয় ব্যক্তির পরিবারের বাধক পীড়ার জন্য আপনার "সুরসুন্দরী বটিকা" অর্থাৎ স্ত্রীরোগ ও বাধকের মহৌষধ এক কৌটা লইয়া গিয়া তাঁহাকে সেবন করান হয়। তিনি উক্ত ঘোরতর কষ্টকর বাধক পীড়া হইতে আরোগ্যলাভ করিয়া ২ মাসের মধ্যেই অন্তঃসত্বা হইয়া সময়ে একটী সুসন্তান প্রসব করিয়াছেন। আপনার উক্ত ঔষধ যে বাধক পীড়ার নিশ্চয় আরোগ্যকারক, তাহা আমাদিগের স্থির সিদ্ধান্ত হইয়াছে। শুভানুধ্যায়ী

শ্রীভবানীচরণ মুখোপাধ্যায়।
চড়কডাঙ্গা, ভবানীপুর।

মহাশয়, আপনার কৃত "সুরসুন্দরী বটিকার" অসাধারণ গুণে আমি বড়ই সুখী হইলাম। আমি দুইটী স্ত্রীলোককে উক্ত বটিকা ব্যবহার করাইয়াছিলাম। এক এক কৌটা ঔষধ খাইয়া উভয়েই সম্পূর্ণরূপে আরোগ্য হইয়াছেন। ব্যারাম একটীর "গুল্মবায়ু" অপরটীর "রক্তপ্রদর" নিবেদন ইতি।

শ্রীবিপিনবিহারী মিত্র —ডাক্তার।
পোঃ জগদল,—জেলা দিনাজপুর।

ভূনিম্বাদি কষায়।

দূষিত জলবায়ুজনিত (ম্যালেরিয়াক্) জ্বর, সর্ব্বপ্রকার পুরাতন জ্বর, বিষমজ্বর, মেহঘটিত জ্বর, একজ্বর ও পর্য্যায়জ্বর এবং তৎসংযুক্ত প্লীহা যকৃদাদির নিশ্চয় আরোগ্যকারক মহৌষধ।

১ বোতলের মূল্য ... ১৲ টাকা।
এককালে ১২ বোতলের মূল্য ১০৲ "

ডাকে বোতল পাঠাইতে হইলে অধিক মাশুল লাগে তজ্জন্য শিশি পূর্ণ করিয়া পাঠান হয়।

প্যাকিং ও ডাঃ মাঃ ৸৵৹। ভিঃ পিঃ ২৲ টাকা।

প্রশংসাপত্র।

পাবনার জজ্ আদালতের প্রসিদ্ধ উকিল বহুমানাস্পদ শ্রীযুক্ত বাবু যাদবচন্দ্র বাগ্চি মহাশয় "ভূনিম্বাদি কষায়ের" উপকারিতার বিষয় লিখিয়াছেন ;—

পরম কল্যাণবরেষু।

আহ্লাদ সহকারে জানাইতেছি যে, আপনার নবাবিষ্কৃত "ভূনিম্বাদি কষায়" দুই বোতল নিয়মমত ব্যবহারে মদীয় তনয়া শ্রীমতী বরদাসুন্দরীর যকৃৎপ্লীহাশ্রিত ম্যালেরিয়া জ্বর অত্যল্পকালে সুবিরাম হইয়াছে। মহাশয় চিরজীবী হউন এই আশীর্ব্বাদ করি।

আশীর্ব্বাদক, শ্রীযাদবচন্দ্র বাগ্চি।

মহেশ্বর চূর্ণ

অর্থাৎ

বাতরক্ত ও কুষ্ঠরোগের মহৌষধ।

হস্তপদাদির জ্বালা, গাত্রাভ্যন্তরে পিপীলিকাদির গতির ন্যায় বোধ, গাত্রে বিশেষতঃ গণ্ডাদিতে চক্রাকার চিহ্নোৎপত্তি এবং নাসিকা ও কর্ণাদির স্ফীতি প্রভৃতি লক্ষণ সংযুক্ত সর্ব্বপ্রকার বাতরক্ত ও কুষ্ঠরোগ উল্লিখিত ঔষধ সমস্ত ব্যবহারে সত্বর নিবারিত হয়। এমন কি অঙ্গুলি প্রভৃতির বক্রতা ও ক্ষত হইলেও কিছু দিন এই ঔষধ ব্যবহারেই পীড়ার উপশম হইয়া থাকে।

একমাস ব্যবহারোপযুক্ত ঔষধের মূল্য ৮৲ টাকা।
১ শিশির মূল্য ... ২॥৽ "
১ শিশি তৈল।৵৹ দেড় পোয়া ৪৲ "
১ শিশি মর্দ্দন ... ১॥৽ "
প্যাকিং ও ডাঃ মাঃ ১॥৽ টাকা। ভিঃ পিঃ ৯॥৵৹

সারস্বতারিষ্ট।

এই কল্যাণকর অরিষ্ট সেবন করিলে স্মৃতি-শক্তি বৃদ্ধি, স্বরশুদ্ধি, শরীরের বল, বীর্য্য, পুষ্টি ও কান্তি বৃদ্ধি হয় এবং অধিক অধ্যয়ন, প্রগাঢ় চিন্তা ও শুক্রতারল্য প্রভৃতি দ্বারা মস্তিষ্ক হীনবল হইলে ইহা দ্বারা পুনরায় স্বাভাবিক বল প্রাপ্ত হয়। অল্পমেধাসম্পন্ন বালক, বালিকা এবং অধিক অধ্যয়নশীল ছাত্রেরা ইহার ২।৩ শিশি মাত্র সেবনে সত্বর তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন, মেধাবী ও সবলচিত্ত হয়। অস্পষ্টভাষী (তোত্‌লা), কর্কশ স্বরযুক্ত ব্যক্তিরা এবং পীড়া বা অধিক সঙ্গীতচর্চ্চা দ্বারা বিকৃতস্বর গায়কগণ ইহার ৩।৪ শিশি সেবনে স্পষ্টভাষী ও সুস্বরসম্পন্ন হন এবং ইহার ৫।৬ শিশি সেবন দ্বারা স্ত্রীদিগের রজোদোষ জন্য বহুকালস্থায়ি বন্ধ্যতা এবং পুরুষের শুক্রদোষ জন্য অপত্যোৎপাদনের ব্যাঘাত দূরীভূত হয়।

কিংবদন্তী আছে, ভগবান্ ধন্বন্তরী নিজ শিষ্যগণের কল্যাণার্থে এই পরম হিতকর অরিষ্ট প্রস্তুত করেন, তাঁহার শিষ্যেরা ইহা সেবন করিয়া অসাধারণ মেধাসম্পন্ন, ওজস্বী, বলীপলিতাদি-বর্জ্জিত ও দীর্ঘজীবী হইয়াছিলেন।

১ শিশির মূল্য ... ... ১৲ টাকা।
প্যাকিং ও ডাঃ মাঃ ৷৵০ আনা। ভিঃ পিঃ ১৷৴০ আনা
এককালে ১২ শিশির মূল্য ... ১০৲ টাকা।

প্রশংসাপত্র।

মহাশয়, স্নায়বিক দৌর্ব্বল্য বশতঃ আমার স্মরণশক্তি একেবারে লোপ হইয়াছিল। মহাশয়ের নিকট হইতে এক শিশি "সারস্বতারিষ্ট" নামক ঔষধ আনাইয়া সেবন করায় বিশেষরূপে উক্ত পীড়া হইতে আরোগ্য লাভ করিয়াছি। আপনার ঔষধের যে অসাধারণ গুণ তাহা বর্ণনাতীত।

বশম্বদ, শ্রীনরেন্দ্রনাথ অধিকারী।
দ্বিতীয় শিক্ষক, ভোটমারি স্কুল,—রঙ্গপুর।

মহাশয়, আপনার দেশপ্রসিদ্ধ প্রত্যক্ষ ফলপ্রদ "সারস্বতারিষ্ট" ঔষধ ক্রমান্বয়ে ৮ শিশি ব্যবহার করিয়া পরম প্রীতিলাভ করিয়াছি।

নিবেদক, শ্রীগোপালচন্দ্র মণ্ডল।
কুটীপুর ডিহি, পোষ্ট চান্দড়া—মেদিনীপুর।

প্রমেহান্তক বটিকা।

ইহা সেবনে প্রস্রাব কালীন কষ্ট ও জ্বালা, মুহুর্মুহুঃ প্রস্রাবেরবেগ, রক্ত ও সপূয় ধাতু নিঃস্রাব ও জ্বরাদি উপদ্রব সংযুক্ত সর্ব্বপ্রকার ঔপসর্গিক প্রমেহ সত্বর আরোগ্য হয়।

১ কৌটার মূল্য ... ... ১৷০ টাকা।
ডাকমাশুল ।০ আনা। ভিঃ পিঃ ১৷৵০ আনা।
এককালে ১২ কৌটার মূল্য ... ১৫৲ টাকা।

প্রশংসাপত্র।

মহাশয়, আপনি অনুগ্রহ করিয়া যে নবাবিষ্কৃত "প্রমেহান্তক বটিকা ও ক্ষীরোদখাদ্য" পাঠাইয়াছিলেন, উহাদের আশ্চর্য্য গুণ দর্শনে আমি বিশেষ সন্তোষ লাভ করিয়াছি। অনুগ্রহ পূর্ব্বক এক্ষণে ১ শিশি কুন্তলবৃষ্য তৈল ভিঃ পিঃ পোষ্টে পাঠাইয়া বাধিত করিবেন।

বশম্বদ
শ্রীরজনীকুমার সরকার,—হেড্‌মাষ্টার।
উলিপুর এইচ, সি, ই, স্কুল, জেলা রঙ্গপুর।

মহাশয়, আমার ভ্রাতুষ্পুত্রের জন্য যে এক কৌটা "প্রমেহান্তক বটিকা" আনাইয়াছিলাম, উহা ব্যবহারে তাঁহার বিশেষ ফললাভ হইয়াছে। আশা করি আর কিছু দিন উক্ত ঔষধ ব্যবহার করিলে সম্পূর্ণরূপ আরোগ্য লাভ করিতে পারিবেন। অনুগ্রহ করিয়া আর ২ কৌটা পাঠাইয়া বাধিত করিবেন।

একান্ত বশম্বদ
শ্রীমথুরানাথ ধর,—দ্বিতীয় শিক্ষক,
এইচ, সি, ই, স্কুল, টিকারি—রাজসাহি।

মহাশয়, আমি ঔপসর্গিক প্রমেহ রোগাক্রান্ত হইয়া নানা প্রকার উৎকৃষ্ট ঔষধাদি সেবন করিয়া ফল না পাওয়ায় জীবনাশা ত্যাগ করিয়াছিলাম, কিন্তু আপনার "প্রমেহান্তক বটিকা" আনিয়া সেবন করাতে সম্পূর্ণ আরোগ্যলাভ করিয়াছি। এরূপ আশ্চর্য্য গুণ আর কোন ঔষধের দেখি নাই।

বশম্বদ, শ্রীমহেন্দ্রনারায়ণ দাস, সি, জি,
বামুনিয়া গ্রাম, পোঃ ডোমার,—রঙ্গপুর।

ধাতুক্ষীণ ও ধ্বজভঙ্গের মহৌষধ।

বহুদিনের প্রমেহ ও অতিরিক্ত ইন্দ্রিয় পরবশতা কিংবা যৌবনস্বভাব-সুলভ-দোষবশতঃ অপরিমিত [illegible]ক্ষয় জন্য সর্ব্বদা যে ধাতুতরল ও পুরুষত্বের [illegible]ন হইয়া থাকে, এই মহৌষধ নিয়মপূর্ব্বক [illegible] করিলে সম্পূর্ণরূপে আরোগ্য হয়।

১ মাস ব্যবহারোপযুক্ত দুই প্রকার
[illegible]ধর মূল্য ... ... ৫৲ টাকা।
[illegible]শি তৈলের মূল্য ... ১৲ "
[illegible]কিং ও ডাঃ মাঃ ৷৶৹ আনা। ভিঃ পিঃ ৬৷৹।

নলিনাসব।

ইহা সেবনে স্ত্রীলোকদিগের সূতিকাজন্য জ্বর, [illegible]সার, হৃদ্রোগ, অগ্নিমান্দ্য, অরুচি, ক্লান্তি, [illegible]বার্য্য গ্রহণী, শোথ, অজীর্ণ, বলক্ষয়, প্রদর, [illegible]ন, কাস, ছর্দ্দি ও শিরঃপীড়া প্রভৃতি উৎকট [illegible]গ সকল প্রশমিত হইয়া শরীর সবল ও পুষ্ট [illegible]ং চিত্ত প্রফুল্ল হয়।

[illegible]শিশির মূল্য ... ১৷৹ টাকা।
[illegible]কিং ও ডাঃ মাঃ ৷৶৹ আনা। ভিঃ পিঃ ২৲।
[illegible]কালে ৬ শিশির মূল্য ... ৭৷৹ টাকা।
[illegible]শি একত্রে ৭৷৹ টাকা। ভিঃ পিঃ ৯৷৹ আনা।

রক্তাতিসার ও আমরক্ত গ্রহণীর মহৌষধ।

উপরোক্ত ঔষধ সেবনে সর্ব্বপ্রকার রক্তাতি[illegible]সার ও আমরক্ত গ্রহণী, জ্বর, শোথ, অরুচি ইত্যাদি উপদ্রবসংযুক্ত থাকিলেও নিশ্চয় অতি সত্বর আরোগ্য হয়।

১ শিশির মূল্য ... ... ২৲ টাকা।
প্যাকিং ও ডাঃ মাঃ ৸৶৹ আনা। ভিঃ পিঃ ৩ "
৬ শিশি একত্রে ১০৲ টাকা। ভিঃ পিঃ ১২৷৹ "

লোমশাতন চূর্ণ।

ইহা লোমস্থানে লাগাইলে বিনাক্লেশে তৎক্ষণাৎ লোম সকল নির্ম্মূল হইয়া যায়। বিশে[illegible] [illegible] ও খাড় প্রভৃতি কোমল স্থানে ইহা [illegible] ব্যবহার [illegible] [illegible] পারে। [illegible] দ্বারা মুণ্ডন করিলে যে সময় মধ্যে লোম সকল পুনরুদ্ভূত হয়, ইহা দ্বারা নির্ম্মূলিত হইলে প্রায় তাহার চতুর্গুণ সময় নির্লোম থাকে।

১ শিশির মূল্য ... ৷৹ আনা।
ডাকমাশুল ৷৹ আনা। ভিঃ পিঃ ৸৶৹ "
৬ শিশি একত্রে ২৷৹ টাকা। ভিঃ পিঃ ৩৶৹ "

কর্পূরাসব।

ইহা সেবনে বিসূচিকা অর্থাৎ ওলাউঠা, প্রবল অতিসার, আমাশয়, অগ্নিমান্দ্য ও অজীর্ণ প্রভৃতি পীড়া সত্বর শান্তি প্রাপ্ত হয়। ওলাউঠা রোগের উপক্রম হইতেই ইহা নিয়মিতরূপে সেবিত হইলে, পীড়া প্রায় প্রবল ও মারাত্মক হইতে দেখা যায় না।

১ শিশির মূল্য ... ৷৹ আনা।
প্যাকিং ও ডাঃ মাঃ ৷৶৹ আনা। ভিঃ পিঃ ১৲ টাকা।
৬ শিশি একত্রে ২৷৹ টাকা। ভিঃ পিঃ ৩৸৹ আনা।

বাতরক্ত ও কুষ্ঠরোগের মহৌষধ।

হস্তপদাদির জ্বালা, গাত্রাভ্যন্তরে পিপীলিকাদির গতির ন্যায় বোধ, গাত্রে বিশেষতঃ গণ্ডাদিতে চক্রাকার চিহ্নোৎপত্তি এবং নাসিকা ও কর্ণাদির স্ফীতি প্রভৃতি লক্ষণ সংযুক্ত সর্ব্বপ্রকার বাতরক্ত ও কুষ্ঠরোগ উল্লিখিত ঔষধ সমস্ত ব্যবহারে সত্বর নিবারিত হয়। এমন কি অঙ্গুলি প্রভৃতির বক্রতা ও ক্ষত হইলেও কিছু দিন এই ঔষধ ব্যবহারেই পীড়ার উপশম হইতে পারে।

একমাস ব্যবহারোপযুক্ত ঔষধ।
১ শিশির মূল্য ... ২৷৹ টাকা।
১ শিশি তৈল ৷৶৹ দেড় পোয়া ৪৲ "
১ শিশি মর্দ্দন ... ১৷৹ "
প্যাকিং ও ডাঃ মাঃ ১৷৹ টাকা। ভিঃ পিঃ ৯৷৶৹

মধুযষ্ট্যাদি ঘৃত।

ইহা দ্বারা পারাদোষ জনিত উপদংশিক ও অপর সর্ব্বপ্রকার ক্ষত এবং নালীঘা আরোগ্য হয়।

১ কৌটার মূল্য ... ... ৸৹ আনা।
ডাকমাশুল ... ৷৹ আনা। ভিঃ পিঃ ১৶৹ "
৬ কৌটার মূল্য [illegible] ভিঃ পিঃ [illegible] "

নিম্নলিখিত মৎপ্রণীত ও সংগৃহীত আয়ুর্ব্বেদ-শাস্ত্র-সম্বন্ধীয় পুস্তক সকল আমার নিকট বিক্রয়ার্থ প্রস্তুত আছে।

ভৈষজ্যরত্নাবলী।

এই সুপ্রসিদ্ধ আয়ুর্ব্বেদীয় চিকিৎসাগ্রন্থে নিদানোক্ত সমস্ত রোগের চিকিৎসা, পথ্যাপথ্য, ঔষধ প্রয়োগ ও প্রস্তুত করিবার প্রণালী বিস্তারিতরূপে লিখিত আছে। ইহা পরিবর্দ্ধিত অর্থাৎ ইহাতে চক্রদত্ত, রসেন্দ্রচিন্তামণি ও শার্ঙ্গধর প্রভৃতি বিবিধ গ্রন্থ হইতে নানাপ্রকার তৈল, ঘৃত, ধাতুঘটিত-ঔষধ ও অরিষ্ট আসবাদি অধিকন্তু এই চতুর্থ সংস্করণে বিশেষ বিশেষ তন্ত্র হইতে বিবিধ উদ্ধৃত পাঠ, নিদানোক্তাতিরিক্ত কতিপয় রোগের আশু ফলপ্রদ বিবিধ ঔষধ সন্নিবিষ্ট করিয়া সংস্কৃত মূল ও বঙ্গানুবাদ সহিত বঙ্গাক্ষরে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে।

মূল্য ... ৬৲ টাকা। ডাকমাশুল ...।৹ আনা।

আয়ুর্ব্বেদ বিজ্ঞান।

এই সুবিস্তীর্ণ আয়ুর্ব্বেদ-সংগ্রহ, চরক, সুশ্রুত, আত্রেয়সংহিতা, হারীত, বাগ্‌ভট, রসেন্দ্রচিন্তামণি রসরত্নাকর ও ভাবপ্রকাশাদি প্রসিদ্ধ প্রসিদ্ধ আয়ুর্ব্বেদীয় গ্রন্থ সকল হইতে সংস্কৃত মূল ও তাহার বঙ্গভাষায় অনুবাদ সহিত প্রকাশিত হইয়াছে। ইহাতে আয়ুর্ব্বেদীয় চিকিৎসা-সম্বন্ধীয় অবশ্য জ্ঞাতব্য সকল বিষয়ই বর্ণিত হইয়াছে। ইহা সূত্রস্থান, শারীরস্থান, দ্রব্যস্থান ও নিদান-চিকিৎসিতস্থান নামক চারিটি স্থানে বিভক্ত হইয়া চারিখণ্ডে সম্পূর্ণ হইয়াছে। প্রথমখণ্ডে—আয়ুর্ব্বেদ প্রচারের ইতিহাস, ঔষধ ও তৈলাদি প্রস্তুত করিবার নিয়ম, নাড়ী প্রভৃতির পরীক্ষা, বমন-বিরেচনাদি পঞ্চকর্ম্ম, ধাতুদ্রব্যাদির শোধন জারণাদি, রাসায়নিক যন্ত্র ও শস্ত্রাদির বর্ণন ইত্যাদি; দ্বিতীয়খণ্ডে—শারীরিক যন্ত্র, শরীর নির্ম্মাপক উপাদান সমস্তের সংস্থিতি, আকৃতি, ক্রিয়া ও প্রধান প্রধান শারীর যন্ত্রের চিত্র প্রদর্শন প্রভৃতি; তৃতীয়খণ্ডে—আয়ুর্ব্বেদীয় চিকিৎসায় ব্যবহৃত দ্রব্যসমূহের পর্য্যায়, গুণ, প্রয়োগ, মাত্রা ও যাহার ক্ষেত্রংশ গ্রহণীয় ইত্যাদি এবং চতুর্থখণ্ডে—প্রত্যেক রোগের উৎপত্তির কারণ, লক্ষণ, ভিন্ন ভিন্ন অবস্থার চিকিৎসা ও পথ্যাপথ্য ব্যবস্থা প্রভৃতি বিষয় সমস্ত, বিশদ ও বিস্তারিতরূপে বর্ণিত হইয়াছে।

প্রথমখণ্ডের মূল্য ...	৪৲	ডাকমাশুল	।৹
দ্বিতীয় ও তৃতীয়খণ্ড একত্র মূল্য	৪৲	ঐ	।৹
চতুর্থখণ্ডের মূল্য ...	৪৲	ঐ	।৹
এককালে ৪ খণ্ডের মূল্য	১০৲	ঐ	।৹

আয়ুস্তত্ত্ব বিজ্ঞান।

অর্থাৎ দীর্ঘজীবন লাভের উপায়।

এই পুস্তকে মনুষ্যের আয়ু, দীর্ঘায়ুলাভের উপায়, দেশকাল ভেদে আয়ুর তারতম্য, বাল্য, যৌবন, বার্দ্ধক্য, আহার, বিহার, পরিচ্ছদ, জল-বায়ু, বাসস্থান, সংক্রামক রোগ, শ্রম, ব্যায়াম ও বিশ্রাম প্রভৃতি বিষয় সমস্ত অর্থাৎ মানবগণ যদ্দ্বারা সুখসচ্ছন্দে থাকিয়া দীর্ঘায়ু লাভ অর্থাৎ শতাধিক বর্ষ জীবিত থাকিতে পারেন, তাহার উপায়, বিবিধ সংস্কৃত আয়ুঃশাস্ত্র ও ইংরাজি চিকিৎসা গ্রন্থ হইতে সংগৃহীত হইয়া বঙ্গভাষায় বিস্তারিতরূপে বর্ণিত হইয়াছে। ইহা বালক, বৃদ্ধ, যুবা, স্ত্রী ও পুরুষ সকলেরই পাঠ্য ও জ্ঞাতব্য।

মূল্য ১৲ টাকা। ডাকমাশুল ৵৹ আনা।

আর্য্যগৃহ-চিকিৎসা।

ইহাতে নিদানোক্ত প্রায় সমস্ত রোগের অর্থাৎ যে যে পীড়া এপ্রদেশে সর্ব্বদা উপস্থিত হইয়া থাকে, তাহাদের উৎপত্তির কারণ, লক্ষণ, চিকিৎসা ও পথ্যব্যবস্থা প্রভৃতি বিষয়সমস্ত সরল বঙ্গভাষায় লিখিত হইয়াছে। গৃহস্থগণ চিকিৎসকের সাহায্যনিরপেক্ষ হইয়া এই গ্রন্থ মাত্র অবলম্বন করিয়া যাহাতে ঐ সকল রোগের প্রতিকার করিতে সমর্থ হন, ইহাই এই গ্রন্থ প্রচারের উদ্দেশ্য। ইহাতে সাধারণ রোগ ব্যতীত স্ত্রীরোগ-

ন্মিক দুর্ঘটনা অর্থাৎ সর্দ্দিগর্ম্মি, উচ্চস্থান হইতে পতন, অস্ত্রাঘাত, উদ্বন্ধন, অগ্নিদাহ, বিষপান ও বর্শাঘাত প্রভৃতি আশু প্রাণনাশক বিপদ্ হইতে প্রাণরক্ষার উপায় সমস্ত বর্ণিত হইয়াছে। আর ভারতবর্ষ ও তন্নিকটস্থ প্রধান প্রধান স্থানের জল-বায়ু প্রভৃতির গুণ ও যে যে স্থান রোগ শান্তির অনুকূল বা প্রতিকূল, তাহাও লিখিত হইয়াছে।

মূল্য ১।০ টাকা। ডাকমাশুল ৵০ আনা।

পাণিনীয় ব্যাকরণ।

"সিদ্ধান্তকৌমুদী"।

সম্প্রতি এতদ্দেশে চতুষ্পাঠী, কলেজ ইত্যাদিতে যে সমস্ত কাব্য শাস্ত্রের আলোচনা চলিতেছে, তাহাদের প্রায় সকল গুলিতেই মল্লিনাথকৃত টীকার মধ্যে পাণিনীয় সূত্র সন্নিবেশিত আছে, কিন্তু ঐ সূত্র সাধারণের (বালকগণের) সম্যক্ বোধগম্য হয় না। আরও এতাদৃশ সুপ্রসিদ্ধ প্রাচীন ব্যাকরণের মর্ম্মাবগত হওয়া সংস্কৃত ভাষানুরাগী পাঠাকবর্গের আবশ্যক বিধায়, আমরা বহুযত্নে সবিশেষ পরিশ্রমের সহিত মহর্ষি পাণিনিপ্রণীত সিদ্ধান্তকৌমুদী নামে সুপ্রসিদ্ধ বৃহৎ ব্যাকরণ, সম্পূর্ণ তত্ত্ববোধিনী টীকা এবং বিষদ বঙ্গানুবাদের সহিত বঙ্গাক্ষরে দুইখণ্ড মুদ্রিত করিয়াছি। প্রথমখণ্ডে—সন্ধি,শব্দ,স্ত্রীপ্রত্যয়,কারক, সমাস ও তদ্ধিত প্রকরণ; দ্বিতীয়খণ্ডে—তিঙন্ত, কৃদন্ত, উণাদি ধাতু প্রকরণ সন্নিবেশিত হইয়াছে। তৃতীয়খণ্ডে—দেবনাগরাক্ষরে উদাত্ত অনুদাত্তাদি স্বরচিহ্নিত মূল, টীকা এবং নিম্নভাগে বঙ্গাক্ষরে বঙ্গানুবাদ সহিত বৈদিক প্রকরণ, স্বরপ্রকরণ, লিঙ্গানুশাসন এবং মূলমাত্র গণপাঠ, ধাতুপাঠ, অকারাদিক্রমে পাণিনীয় সূত্র সকলের সূচীপত্র সহিত মুদ্রিত হইয়াছে।

মূল্য ... ১২৲ টাকা। ডাকমাশুল ১।০ আনা।

মাধব-নিদান।

সংস্কৃত মূল এবং সুপ্রসিদ্ধ সিবিল সার্জ্জন ডাক্তার বাবু উদয়চাঁদ দত্ত কৃত সরল বাঙ্গালা অনুবাদ সহিত প্রকাশিত। ইহাতে রোগসমূহের ইংরাজী নাম সমস্ত লিখিত হইয়াছে।

মূল্য ... ১।০ টাকা। ডাকমাশুল ৵০ আনা।

বাগ্ভট।

অষ্টাঙ্গহৃদয় সংহিতা।

এই সুপ্রসিদ্ধ, ঋষিপ্রণীত, প্রাচীন বৈদ্যক গ্রন্থ সংস্কৃত মূল এবং সরল বঙ্গানুবাদের সহিত প্রকাশিত হইয়াছে। ইহাতে শারীর, দিনচর্য্যা, দ্রব্যগুণ প্রভৃতি এবং কায়চিকিৎসা (সর্ব্বপ্রকার রোগের চিকিৎসা), বালচিকিৎসা, ভূতবিদ্যা (গ্রহভূতাবেশাদিচিকিৎসা), ঊর্দ্ধাঙ্গচিকিৎসা (শিরঃকর্ণাদি রোগচিকিৎসা), শল্যতন্ত্র (শস্ত্র-চিকিৎসা), বিষচিকিৎসা, রসায়নতন্ত্র (আয়ু-র্মেধাবলকরচিকিৎসা) এবং বাজীকরণ (শুক্রকর-চিকিৎসা) ইত্যাদি আয়ুর্ব্বেদীয় অবশ্য জ্ঞাতব্য বিষয় সমুদয়ই বিশদরূপে বর্ণিত আছে।

মূল্য ... ৬৲ টাকা। ডাকমাশুল ... ।০ আনা।

আয়ুর্ব্বেদীয় দ্রব্যাভিধান।

ধন্বন্তরিনির্ঘণ্ট, সংকণ্ঠরত্নাভরণ, মদনপাল-নির্ঘণ্ট ও পর্য্যায়রত্নমালা প্রভৃতি আয়ুর্ব্বেদীয় দ্রব্যাভিধান এবং নানা কোষ হইতে আয়ুর্ব্বেদীয় দ্রব্য সমস্ত, রোগ, শারীর যন্ত্র, মানপরিভাষা এবং সুশ্রুতোক্ত গণসমূহ ও তাহাদের গুণ প্রভৃতি আয়ুর্ব্বেদপঠনোপযোগী বিষয় সমস্তের নাম, লিঙ্গ ও অর্থ ইত্যাদি সংগৃহীত ও অকারাদি ক্রমে বিন্যস্ত হইয়া প্রকাশিত হইয়াছে।

মূল্য ২৲ টাকা। ডাকমাশুল ৵০ আনা।

হারীত-সংহিতা।

(সংস্কৃত মূল দেবনাগর অক্ষরে।)

ইহা চরকাদির ন্যায় এক প্রাচীন সংহিতা গ্রন্থ। ইহাতে চিকিসাসম্বন্ধীয় গূঢ় উপদেশ, শারীরস্থান, দ্রব্য সকলের গুণ এবং রোগসকলের নিদান ও ঔষধাদি বিস্তারিতরূপে বর্ণিত আছে।

মূল্য ৩৲ টাকা। ডাকমাশুল ৵০ আনা।

অপরিচিত গ্রাহকমহোদয়গণকে প্রথমে অন্ততঃ উহার মাশুল প্রেরণ না করিলে ভিঃ পিঃ পোষ্টে পুস্তক প্রেরিত হয় না।